# জাতিসংঘে ৮০তম অধিবেশনে যোগ দিলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস




সংগৃহীত ছবি

জাতিসংঘ সাধারণ পরিষদের উদ্বোধনী অধিবেশনে উপস্থিত ছিলেন অন্তর্বর্তী সরকার প্রধান ড. মুহাম্মদ ইউনূস। অধিবেশনের পাশাপাশি তিনি বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠক ও মার্কিন প্রেসিডেন্টের নৈশভোজেও অংশ নেবেন।

জাতিসংঘের ৮০তম সাধারণ পরিষদের উদ্বোধনী অধিবেশনে মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় যোগ দেন প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। নিউইয়র্কে সংস্থার সদর দফতরে অনুষ্ঠিত অধিবেশনে তার সঙ্গে ছিলেন জ্বালানি উপদেষ্টা ফাওজুল কবির খান, পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন এবং আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল।

উদ্বোধনী অধিবেশনের আগে ড. ইউনূস উরুগুয়ের পররাষ্ট্রমন্ত্রী মারিও লুবেটকিন ও চিলির সাবেক রাষ্ট্রপতি মিশেল ব্যাচেলেটের সঙ্গে বৈঠক করেন। অধিবেশন শেষে তিনি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নৈশভোজেও অংশ নেবেন।

গত সোমবার বাংলাদেশ সময় দিবাগত রাত দেড়টায় তিনি নিউইয়র্কে পৌঁছান। আগামী ২৬ সেপ্টেম্বর দুপুর দেড়টায় জাতিসংঘ সাধারণ পরিষদে বাংলায় বক্তৃতা দেবেন। দেশে ফেরার পরিকল্পনা রয়েছে ২ অক্টোবর।

LENS ASIA